গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

**বিষয়:** হেলেন কেলার ইন্টারন্যাশনাল এর Bangladesh Agriculture and Nutrition Initiative ( BANI) প্রোগ্রামের আওতায় পার্বত্য চট্টগ্রাম এলাকায় গৃহীত কার্যক্রম পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোসাম্মৎ হামিদা বেগম<br>সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১৫ নভেম্বর ২০২২ খ্রিঃ |
| সভার সময় | : | সকাল- ১১.০০টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক। |

সভাপতি সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে হেলেন কেলার ইন্টারন্যাশনাল (Helen Keller International)-এর Bangladesh Agriculture and Nutrition Initiative (BANI) প্রোগ্রামের এর প্রধান Ms. Treena Bishop BANI প্রোগ্রাম এর Success story এর Mushroom ও Coffee উৎপাদনের Video এবং BANI প্রোগ্রাম কার্যক্রমের উপর উপস্থাপনা প্রদান করেন। তিনি সভাকে জানান যে, Helen Keller International এর BANI প্রোগ্রামটি বান্দরবান পার্বত্য জেলার বান্দরবান সদর, লামা, থানচি, রুমা ও রোয়াংছড়ি উপজেলায় বাস্তবায়ন করা হচ্ছে। বান্দরবান পার্বত্য জেলার স্থানীয় এনজিও তাজিংডং এবং গ্রাম উন্নয়ন সংগঠন (গ্রাউস) পার্টনার এনজিও হিসাবে প্রকল্পটির কার্যক্রম পরিচালনা করছে। প্রকল্পের মাধ্যমে জেন্ডার ,ন্যায়সঙ্গত খাদ্য সুরক্ষা জোরদার করার জন্য কৃষি উৎপাদন বৃদ্ধি , দরিদ্র ও চরম দরিদ্র জনগোষ্ঠীর পুষ্টি উন্নয়নের মাধ্যমে COVID-19 মহামারীর প্রভাব হ্রাস করা হয়েছে। এছাড়াও তিনি BANI প্রকল্পের বিভিন্ন কার্যক্রমের বিষয়ে সভাকে অবহিত করেন। এই প্রকল্পের কার্যক্রমের সাথে অন্য কোন কার্যক্রমের দ্বৈততা নাই বলে উপস্থিত সকলকে অবহিত করেন। উপস্থাপন শেষে জনাব কাজী মোহাম্মদ চাহেল তস্তরী, উপসচিব (পরিকল্পনা-১), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় , কফি চাষ সম্পর্কে - মোট চাষকৃত এলাকায় জমির পরিমান, প্রোডাক্টশন স্কেল, সম্পর্কে বিস্তারিত জানতে চান। এ ব্যাপারে হেলেন কেলার ইন্টারন্যাশনাল-এর জনাব মজিবুর রহমান নিমোক্ত তথ্য প্রদান করেন:

| Location | Number of participants | Total Number of coffee plants have at present | Total of Decimals of land planted under coffee production |
|---|---|---|---|
| **⊟ Bandarban Sadar** | **100** | **14,739** | **3,135** |
| Suwalak | 56 | 4,562 | 1,066 |
| Tankabati | 44 | 10,177 | 2,069 |
| **⊟ Ruma** | **120** | **65,502** | **14,838** |
| Paindu | 70 | 42,722 | 9,541 |
| Ruma Sadar | 50 | 22,780 | 5,297 |
| **Grand Total** | **220** | **80,241** | **17,973** |

০৩। বিস্তারিত আলোচনান্তে সভাপতি BANI প্রোগ্রামের আওতায় গৃহীত কার্যক্রম বিশেষ করে কফি উৎপাদন কার্যক্রম টেকসই করার বিষয়ে জানতে চান। Ms. Treena Bishop এ বিষয়ে বলেন যে, USAID- এর কফি-চাষের উপর সম্ভাব্য আরো একটি কার্যক্রম শুরু হবে যা BANI-এর কফি বিষয়ক যাবতীয় কার্যক্রমকে আরো এগিয়ে নিয়ে যাবে। BANI প্রকল্পের আওতায় সরবরাহকৃত ট্যাবসহ অন্যান্য Asset disposal এর বিষয়ে এ মন্ত্রণালয়ের উপসচিব জনাব আশীষ কুমার সাহা জানতে চাইলে Ms. Treena Bishop বলেন যে $5,000-এর নীচের সমস্ত সম্পদ 2 Code of Federal Regulation (CFR) 200 অনুযায়ী নিষ্পত্তি করা হবে। সেগুলি হেলেন কেলার ইন্টারন্যাশনাল এবং এর উপগ্রহীতারা (যথাযথ হিসাবে) মানবিক সহায়তা ব্যুরো বা অন্যান্য মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের (USG) Award - এর অধীনে তাদের ব্যবহার চালিয়ে যাওয়ার জন্য রাখবে।

চলমান পাতা-২

০৪। হেলেন কেলার ইন্টারন্যাশনাল এর কান্ট্রি ডিরেক্টর প্রকল্প বাস্তবায়নে সহযোগিতার জন্য মন্ত্রণালয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং BANI কার্যক্রম পরিদর্শনের জন্য আমন্ত্রণ জানান। একই সাথে BANI কার্যক্রম অত্র অঞ্চলের মানুষের মধ্যে অত্যন্ত গুরত্বপূর্ণ অবদান রাখছে বিধায় আরও ৩ বছর কাজ করার বিষয়ে এ মন্ত্রণালয়ের অনাপত্তি প্রদানের জন্য অনুরোধ জানান। যথাযথ প্রক্রিয়া অনুসারণ করে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে তা পর্যালোচনা করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় উপস্থিত সকলে মত প্রকাশ করেন।

০৫। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক) Bangladesh Agriculture and Nutrition Initiative (BANI)- প্রকল্প থেকে কফি চাষ ও উৎপাদন বিষয়ক যাবতীয় কার্যক্রম, উপকারভোগীদের ডেটাবেইজ এবং ভিডিও ডকুমেন্টারি ভবিষৎতে ব্যবহারের জন্য সংগ্রহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

খ) Bangladesh Agriculture and Nutrition Initiative (BANI) এর কার্যক্রম আরও ০৩(তিন) বছর চালিয়ে নিওয়ার বিষয়ে এ মন্ত্রণালয়ের অনাপত্তি গ্রহণের লক্ষ্যে BANI যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে মন্ত্রণালয়ের প্রস্তাব প্রেরণ করা হলে বিষয়টি পর্যালোচনাপূর্বক বিবেচনা করা যেতে পারে।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৪/১২/২০২২
(মোসাম্মৎ হামিদা বেগম)
সচিব

নম্বর- ২৯.০০.০০০০.২২৬.১৪.৬৫৯.১৫(অংশ-২)- ৩৭২

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৯ / ০৫ ডিসেম্বর ২০২২

<u>বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

০১. অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. অতিরিক্ত সচিব, সমন্বয় অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. যুগ্মসচিব (সমন্বয় অধিশাখা), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. যুগ্মসচিব (উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ঢাকা
০৫. উপসচিব (সমন্বয়-২ শাখা), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. উপসচিব (পরিকল্পনা-১), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২/উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৯. Ms. Hasina Akhter, Country Director, House-10E, Road 82, Gulshan-2, Dhaka
১০. Ms. Treena Bishap, Chief of Party, House-10E, Road 82, Gulshan-2, Dhaka
১১. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
১২. Mr. Mazibur Rahman, Head of Program Operations, House-10E, Road 82, Gulshan-2, Dhaka
১৩. Mr. Han Han, Program Manager, House-10E, Road 82, Gulshan-2, Dhaka

5/12/2022

(কাজী মোহাম্মদ চাহেল তস্তরী)
উপসচিব
ফোনঃ +৮৮০২৫৫১০১০০৭
e-mail : mohammadchahel1@gmail.com